

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে নির্বাচনী প্রচারণা জমে উঠেছে

১৬ এপ্রিল শিক্ষক সমিতি, ৮ এপ্রিল সিন্ডিকেট, ডীন ও একাডেমিক কাউন্সিলের নির্বাচন

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের বিভিন্ন পর্বদের নির্বাচনকে কেন্দ্র করে শিক্ষকদের নির্বাচনী প্রচারণা জমে চাপা হয়ে উঠেছে। এবার সকল পর্বদের নির্বাচনে দু'টি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে। এ দু'টি প্যানেল হচ্ছে- মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত গোলাপী এবং স্বাধীনতা, গণতন্ত্র, জাতীয়তাবাদের আদর্শে বিশ্বাসী "সাদা" প্যানেল। আগামী ৬ এপ্রিল শিক্ষক সমিতির নির্বাচন, ৮ এপ্রিল সিন্ডিকেট, ডীন ও একাডেমিক কাউন্সিলের নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনকে সামনে নিয়ে প্রার্থীরা শিক্ষকদের বাসা, অফিস, শিক্ষক ক্লাবে ব্যক্তিগত ও দলগতভাবে ভোটের জন্য ধর্না দিচ্ছেন। এবার সব ক'টি পর্বদের নির্বাচনে সাদা ও গোলাপী প্যানেলের মাঝে তীব্র প্রতিদ্বন্দ্বিতা হবে। শিক্ষক সমিতিতে ১১ জন, সিন্ডিকেটে ৪ জন (বিভিন্ন ক্যাটাগরিতে), ফিন্যান্স কমিটিতে ১ জন এবং একাডেমিক কাউন্সিলে ৬ জন শিক্ষক সরাসরি নির্বাচনের মাধ্যমে প্রতিনিধি নির্বাচিত হবেন। ৪২৩ জন শিক্ষক ভোটাধিকার প্রয়োগ করবেন। এ ছাড়া সমাজ বিজ্ঞান ও কলা অনুষদের দু'জন

ডীনকে নির্বাচিত করা হবে। উল্লেখ্য, বাণিজ্য ও বিজ্ঞান অনুষদের ডীন নির্বাচন গত বছর অনুষ্ঠিত হয়। এতে একটিতে গোলাপী ও একটিতে সাদা প্যানেল থেকে নির্বাচিত হন।

শিক্ষক সমিতির নির্বাচনে গোলাপী প্যানেল থেকে প্রতিদ্বন্দ্বিতা করছেন- সভাপতি অধ্যাপক মুহাম্মদ সফিউল আলম, সহসভাপতি নাসির উদ্দিন আহমদ, কোষাধ্যক্ষ মুহাম্মদ সালেহ উদ্দিন, সাধারণ সম্পাদক গোলাম কিবরিয়া ভূইয়া, যুগ্ম সম্পাদক আবুল হোসাইন এবং সদস্য ৬ জন হচ্ছে- হাসানুজ্জামান চৌধুরী, আনোয়ারুল আজিম আরিফ, মনিদ কুমার রায়, মুহাম্মদ আলীউদ্দিন,

মুহাম্মদ জৌহিদ হোসেন চৌধুরী, মমতাজ উদ্দিন পাটোয়ারী। অপরদিকে সাদা প্যানেল থেকে প্রতিদ্বন্দ্বিতা করছেন- সভাপতি অধ্যাপক মুহাম্মদ মাহবুব উল্লাহ, সহসভাপতি ডঃ মোহাম্মদ শাহ, কোষাধ্যক্ষ মুহাম্মদ মুজিবুর রহমান, সাধারণ সম্পাদক ডঃ সিদ্দিক আহমদ চৌধুরী, যুগ্ম সম্পাদক একে এম মাহফুজুল হক (মাহফুজ পারভেজ)। ৬

জন সদস্য প্রার্থীরা হচ্ছেন- ডঃ ইউসুফ শরীফ খান, মোঃ আবদুল গফুর, মোহাম্মদ আলী আজাদী, ডঃ মোঃ আলী আশরাফ, ডঃ বদিউর রহমান, ডঃ মোঃ হারুন বশীদ।

সমাজ বিজ্ঞান ও কলা অনুষদ ডীন নির্বাচনে গোলাপী প্যানেলের প্রার্থীরা হচ্ছে, যথাক্রমে অধ্যাপক আব্দুল হাকিম ও অধ্যাপক মনিরুজ্জামান। সাদা প্যানেল প্রার্থীরা হচ্ছেন- যথাক্রমে অধ্যাপক মাদুম-ই-মাশরাফী ও অধ্যাপক ওয়াহিদুর রহমান। উল্লেখ্য, ডীন নির্বাচনে সমাজ বিজ্ঞান অনুষদের সাদা ও গোলাপী প্রার্থীরা দু'জনই রাজনীতি বিজ্ঞান বিভাগের। একজন বর্তমান ডীন, অপরজন বিভাগীয় চেয়ারম্যান। সিন্ডিকেট নির্বাচনে গোলাপী প্যানেলের প্রার্থীরা হচ্ছেন-

অধ্যাপক ক্যাটাগরি মঞ্জুর মোর্শেদ মাহমুদ, সহযোগী অধ্যাপক সুগতান আহমদ, সহকারী এমদাদুল হক, প্রভাষক মঈনুল ইসলাম, সাদা প্যানেলের অধ্যাপক ক্যাটাগরি নুরুল ইসলাম, সহযোগী অধ্যাপক আব্দুল হাকিম, সহকারী অধ্যাপক আবদুল করিম, প্রভাষক নেসার আহমদ।